

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬১৩২/৪১৪

তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

বিষয় : সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক (শারিরীক ও ক্রীড়া) জনাব সনজিত কুমার বিশ্বাস-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : বিগত ০৯-০৮-২০২৩ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৮২/২তম সভার ৮২/২(২) নং আলোচ্যসূচির ০৩ নং ক্রমিকের সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন “বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়” এর সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক (শারিরীক ও ক্রীড়া) জনাব সনজিত কুমার বিশ্বাস-এর বিরুদ্ধে প্রধান শিক্ষক জনাব পরিতোষ কুমার মন্ডল কর্তৃক আনীত অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত :

জেলা শিক্ষা অফিসার
যশোর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬১৩২/৪১৪(১-৬)

তারিখ : ২৯-০৮-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৩। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়, বাঘারপাড়া, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়, বাঘারপাড়া, যশোর।
- ৫। সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক (শারিরীক ও ক্রীড়া) জনাব সনজিত কুমার বিশ্বাস, বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়, বাঘারপাড়া, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

২৯/০৮/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৯/০৮/২৩



প্রেসক : প্রধান শিক্ষক/ সম্পাদক

বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়

স্থাপিত-১৯৬১ইং

ডাক : বন্দবিলা, থানা : বাঘারপাড়া, জেলা : যশোর।

EIIN NO. 1115557

Email : bccrss115557@gmail.com

বোর্ড কোড-৬১৩২

স্মারক সংখ্যা : নি বি সি জা/এন/১৯/২০২২/৭৬

তারিখ : ৩১/০৮/২০২২

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর।

বিষয়ঃ বিদ্যালয়ের সহকারি শিক্ষক (শারীরিক শিক্ষা ও ক্রীড়া) জনাব সনজিত কুমার বিশ্বাস কে স্থায়ী বহিষ্কার করা প্রসঙ্গে।

জনাব,

যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, যশোর জেলার অন্তর্গত বাঘারপাড়া উপজেলাধীন বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়ের শারীরিক ও ক্রীড়া শিক্ষক জনাব, সনজিত কুমার বিশ্বাস, পিতা-মৃত শান্তিরাম বিশ্বাস, গ্রাম-লক্ষ্মীপুর, ডাক-জাগলা, উপজেলা-মাগুরা সদর, জেলা-মাগুরা। সে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘদিন যাবত বিদ্যালয়ে অনুপস্থিত। প্রথমে তাকে অনুপস্থিত থাকার কারন জানতে চেয়ে বিদ্যালয়ের একজন পিয়নকে দিয়ে গত ২৬/১০/২০২১ তারিখে তার ঠিকানা অনুযায়ী নোটিশ প্রদান করা হয়। পিওন জানতে পারে সে দেনার দায়ে বাড়ি ছেড়ে পালিয়ে বেড়াচ্ছে। তার পরিবারের কেহ নোটিশ গ্রহণ না করলে ডাক যোগে রেজিস্ট্রি করে উক্ত ঠিকানা(জাতীয় পরিচয় পত্রের ঠিকানা) এবং তার জন্মস্থান গ্রাম-নোবারকপুর, ডাক-নহাটা, উপজেলা-মহম্মদপুর, জেলা- মাগুরা ঠিকানা বরাবর গত ০৪/১১/২০২১ তারিখে ১ম, ০১/১২/২০২১ তারিখে ২য় এবং ২৪/০১/২০২২ তারিখে ৩য় নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু তারপরও তার কোন উত্তর না পেলে বিদ্যালয়ের চারজন শিক্ষক এবং তৎকালীন এডহক কমিটির অভিভাবক সদস্য সমন্বয়ে পাঁচ সদস্যের তদন্ত টিম গঠন করে ০৯/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে উক্ত দুই ঠিকানা বরাবর তার বাড়ি যোগে তার আত্মীয় স্বজনকে তাকে বিদ্যালয়ের কাজে যোগদানের অনুরোধ করে আসে। অন্যথায় তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে আসেন। তখন তার আত্মীয় স্বজন এই বলে যে, দু এক সপ্তাহের মধ্যে সে বিদ্যালয়ে যাবে। এর পরও কোন যোগাযোগ না করলে বিদ্যালয়ের পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখে দৈনিক মানবজমিন পত্রিকায় তাকে কাজে যোগদানের অনুরোধ করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। তার ব্যবহৃত মোবাইল নাম্বার ০১৮৮০০২৪৯৫৫ নাম্বারে যোগাযোগ করতে ডায়াল করলে ফোনটি রিং হয় কিন্তু কেহ কল রিসিভ করে না। এর পরও সে কাজে যোগদান না করলে গত ২০/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখে তাকে সাময়িক বহিষ্কার করে চূড়ান্ত বহিষ্কার করার জন্য আপিল এন্ড আরবিট্রিশন কমিটির কাছে আবেদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

অতএব, জনাব সমীপে বিনীত প্রার্থনা উক্ত শিক্ষককে স্থায়ী বহিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

(পরিতোষ কুমার মন্ডল) ৩১/০৮/২০২২

প্রধান শিক্ষক

বন্দবিলা বিজয় চন্দ্র রায় মাধ্যমিক বিদ্যালয়

মোবাইল-০১৭১৫৩৫১৯৯৯